

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ১৩টি প্রতিষ্ঠানকে ১.২২ লক্ষ টাকা জরিমানা

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৬ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর ও কুমিল্লায় ১ জুলাই ২০১৬ তারিখে বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভীর নেতৃত্বে ঢাকা মহানগরীর চকবাজার এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে বহিরের রেস্টুরেন্ট, বিসমিল্লাহ রেস্টুরেন্ট ও মায়মুনা সাবরিন হোটেলকে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ২০,০০০/- (বিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমানের নেতৃত্বে ঢাকা মহানগরীর মিরপুর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে বিসমিল্লাহ হোটেল ও সাদুল্লাপুর্ মিস্ট্রি ঘরকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে মোট ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আবদুল্লাহ আল মাসুমের নেতৃত্বে ঢাকা মহানগরীর বংশাল এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে মিতালী রেস্টুরেন্ট ও ক্যাফে রাজধানীকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে মোট ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে স্বপ্ন আউটলেটকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা ও পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে মুন ড্রেডার্সকে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকাসহ মোট ২১,৫০০/- (একুশ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিনের নেতৃত্বে ঢাকা মহানগরীর রূপনগর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে নিউ ডায়না হোটেলকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে সুমন মাংস বিতানকে ৩,০০০/- (তিন হাজার) টাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে স্বপ্ন আউটলেটকে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকাসহ মোট ৫৩,০০০/- (তেপাল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে কুমিল্লা সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

গত ১ জুলাই ২০১৬ তারিখে ৬টি বাজার তদারকিতে ১৩টি প্রতিষ্ঠানকে মোট ১,২২,৫০০/- (এক লক্ষ বাইশ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, ক্যাব ও ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা ও চট্টগ্রাম মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা ও কুমিল্লা।
- ৭। পুলিশ সুপার, ঢাকা ও কুমিল্লা।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।